যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

বৃত্তি পরীক্ষা বাতিল

# ডিসেম্বরে সারাদেশে পঞ্চম শ্রেণীর সমাপনী পরীক্ষা

যুগান্তর রিপোর্ট

ডিসেম্বরে সারাদেশে পঞ্চম শ্রেণীতে একযোগে সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। পাবলিক পরীক্ষার আদলে অনুষ্ঠিত এ পরীক্ষার সিদ্ধান্ত সোমবার মন্ত্রিসভার বৈঠকে অনুমোদিত হয়েছে। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব আবুল কালাম আজাদ সাংবাদিকদের এ তথ্য জানান। ওদিকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের একটি দায়িত্বশীল সূত্র জানিয়েছে, এখন

পরীক্ষা : পৃষ্ঠা ২ : কলাম ৩

## পরীক্ষা : সমাপনী

(১ম পৃষ্ঠার পর)

তারা অতি দ্রুত খসড়া নীতিমালাটি চূড়ান্ত করে বিদ্যালয়গুলোতে পাঠাবে। পাবলিক পরীক্ষা হওয়ার কারণে পঞ্চম শ্রেণীতে আর বৃত্তি পরীক্ষা থাকছে না। আর পাবলিক পরীক্ষায় উত্তীর্ণের সনদ ছাড়া কেউ ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে পারবে না। সারাদেশে এবার ২০ লাখ শিশু এ পরীক্ষায় অংশ নেবে। পঞ্চম শ্রেণীতে পাবলিক পরীক্ষার এই সিদ্ধান্ত মন্ত্রিসভায় পাস হওয়ার মাধ্যমে অভিভাবক-শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে জিইয়ে থাকা দোটানা অবস্থার অবসান হয়েছে। এর ফলে পরীক্ষার ব্যাপারে এখন সার্বিক প্রস্তুতি শুরু হবে বলে শিক্ষকরা জানিয়েছেন। প্রসঙ্গত, পঞ্চম শ্রেণীতে পাবলিক পরীক্ষা নেয়ার পাইলটিং শুরু হয় ২০০৬ সালে ১৫টি জেলায়। পরে ২০০৭ ও ২০০৮ সালে এই পরীক্ষা হয়েছে। কিন্তু পাশাপাশি বৃত্তি পরীক্ষা থাকায় তখন এ নিয়ে কোন হইচই হয়নি। এবার বৃত্তি পরীক্ষা তুলে দেয়ায় তা সচেতন মহলের দৃষ্টি আকর্ষণ করে।